

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫০৩

আগরতলা, ৮ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

রাজ্যে গত নভেম্বর ও ডিসেম্বর মাসের অকাল বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ১ লক্ষ

৯৬০ জন কৃষক ক্ষতিপূরণ পাবার জন্য বিবেচিত হয়েছেন : কৃষিমন্ত্রী

রাজ্যে গত নভেম্বর ও ডিসেম্বর মাসের অকাল বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ১ লক্ষ ৯৬০ জন কৃষক ক্ষতিপূরণ পাবার জন্য বিবেচিত হয়েছেন। এই দুই মাসের অকাল বৃষ্টির কারণে মোট ২৮ কোটি ৭২ লক্ষ ৭২ হাজার টাকা ক্ষতিপূরণের প্রস্তাব কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে রাজ্যের রাজস্ব দপ্তরের ও সংশ্লিষ্ট বীমা কোম্পানীর কাছে পাঠানো হয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক সুদীপ সরকার ও বিধায়ক ইসলামউদ্দিনের আনা একটি দৃষ্টি আকর্ষনী নোটিশের জবাবে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, ২০২৩ সালের ১৬ থেকে ১৮ নভেম্বর এবং ৬ থেকে ৮ ডিসেম্বর রাজ্য অকাল বর্ষণের কারণে কৃষকদের ফসল বিশেষ করে ধান ও সজীর ক্ষতি হয়। ত্রিস্তুরীয় পদ্ধতিগতের সহযোগিতায় রাজ্যের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অফিসার ও কর্মচারিগণ তৎক্ষণাত্ম ক্ষতিগ্রস্ত এলাকাগুলি পরিদর্শন করেন এবং প্রাথমিক ক্ষয়ক্ষতি নিরূপণ করে উদ্বৃত্তন কর্তৃপক্ষের এবং বীমা কোম্পানীর নজরে নেন। এরপর গ্রাম, ব্লক ও জেলস্তরে ক্ষতিগ্রস্ত কৃষকদের নামের তালিকা, জমির পরিমাণ ও ফসলের ক্ষতির শতাংশের হিসাব নিরূপণ করা হয় যাতে এসডিআরএফ/এনডিআরএফ প্রকল্পে ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তা প্রদান করা হয়। এছাড়া প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় নথিভুক্ত ক্ষতিগ্রস্ত কৃষকদের সংখ্যা ও ক্ষতির পরিমাণ দপ্তরের আধিকারিক, কর্মচারি এবং বীমা কোম্পানীর প্রতিনিধিদের নিয়ে যুগ্ম সমীক্ষার মাধ্যমে নিরূপণ করা হয় এবং প্রকল্পের নির্দেশিকা অনুযায়ী প্রকৃত ক্ষতিগ্রস্ত কৃষকদের দ্রুত ক্ষতিপূরণ দেবার জন্য বীমা কোম্পানী যথাযথ উদ্যোগ গ্রহণ করবে।

বিধানসভায় কৃষিমন্ত্রী জানান, এসডিআরএফ/এনডিআরএফ-র নীতি নির্দেশিকা অনুসারে কোন কৃষকের ফসল তেক্রিশ শতাংশের উপর ক্ষতি হলে তিনি ক্ষতিপূরণ পাবার জন্য বিবেচিত হয়ে থাকেন। সেই নির্দেশিকা অনুসারে নভেম্বর ও ডিসেম্বর মাসের অকাল বৃষ্টিতে মোট ৯৭ হাজার ৯৪৭ জন ক্ষতিগ্রস্ত কৃষকদের এসডিআরএফ/এনডিআরএফ থেকে সাহায্যের জন্য মোট ২৭ কোটি ৫৮ লক্ষ ৮২ হাজার টাকা ক্ষতিপূরণের প্রস্তাব কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে রাজ্যের রাজস্ব দপ্তরের কাছে পাঠানো হয়েছে। বিধানসভায় কৃষিমন্ত্রী আরও জানান, এছাড়াও প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় নভেম্বর ও ডিসেম্বর মাসের অকাল বৃষ্টিতে ফসল কাটার পর জমিতে পড়ে থাকা অবস্থায় মোট ৩ হাজার ১৩ জন ক্ষতিগ্রস্ত কৃষক ক্ষতিপূরণ পাবার জন্য বিবেচিত হয়েছেন। এর মধ্যে নভেম্বর মাসে ৮৭৪ জন এবং ডিসেম্বর মাসে ২ হাজার ১৩৯ জন কৃষক ক্ষতিপূরণ পাবার জন্য বিবেচিত হয়েছেন। কৃষিমন্ত্রী জানান, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা প্রকল্পের মাধ্যমে নভেম্বর ও ডিসেম্বর মাসের অকাল বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত মোট ৩ হাজার ১৩ জন কৃষক বীমা কোম্পানীর থেকে মোট ১ কোটি ১৩ লক্ষ ৯০ হাজার টাকা ক্ষতিপূরণ পাবার জন্য বিবেচিত হয়েছেন। এর মধ্যে নভেম্বর মাসের বৃষ্টিতে ক্ষতির পরিমাণ ৪৪ লক্ষ ৬০ হাজার টাকা এবং ডিসেম্বর মাসের বৃষ্টিতে ক্ষতির পরিমাণ ৬৯ লক্ষ ৩০ হাজার টাকা। আশা করা যাচ্ছে বীমা কোম্পানী ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণের টাকা অতিসত্ত্ব প্রদান করবে।

\*\*\*\*\*